

আর-রাহমান | Ar-Rahman | الرَّحْمَنُ

আয়াতঃ ৫৫ : ৭৬

আরবি মূল আয়াত:

مُتَّكِئِينَ عَلَى رَفْرَفٍ خُضِرٍ وَعَبَقَرِيٍّ حِسَانٍ ﴿٧٦﴾

অনুবাদসমূহ:

তারা সবুজ বালিশে ও সুন্দর কারুকার্য খচিত গালিচার উপর হেলান দেয়া অবস্থায় থাকবে। — আল-বায়ান

তারা হেলান দিবে সবুজ তাকীয়াহ্ আর সুন্দর সুসজ্জিত গালিচার উপরে, — তাইসিরুল

তারা হেলান দিয়ে বসবে সবুজ তাকিয়ায় ও সুন্দর গালিচার উপর। — মুজিবুর রহমান

Reclining on green cushions and beautiful fine carpets. — Sahih International

৭৬. তারা হেলান দিয়ে বসবে সবুজ তাকিয়ায় ও সুন্দর গালিচার উপরে। (১)

(১) رَفْرَف এর অর্থ সবুজ রঙের রেশমী বস্ত্র। এর দ্বারা বিছানা, বালিশ ও অন্যান্য বিলাস সামগ্রী তৈরি করা হয়।
এমনকি এর উপর বৃক্ষ ও ফুলের কারুকার্যও করা হয়। عَبَقَرِيٍّ অর্থ সুশ্রী ও উৎকৃষ্ট বস্ত্র। [কুরতুবী; ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(৭৬) তারা হেলান দিয়ে বসবে সবুজ বালিশে ও সুন্দর গালিচার উপরে। [১]

[১] رَفْرَف মসনদ, বালিশ, গালিচা অথবা এই ধরনের উৎকৃষ্ট বিছানা। عَبَقَرِيٍّ প্রত্যেক উৎকৃষ্ট ও মূল্যবান জিনিসকে বলা হয়। নবী করীম (সাঃ) উমার (রাঃ)-এর ক্ষেত্রে এই শব্দ ব্যবহার করেছিলেন। فَلَمْ أَرَ عَبَقَرِيًّا (ফলম্ অর এন্স-বাকীয়া) “আমি কোন প্রতিভাশালী ব্যক্তি এমন দেখি নি, যে উমারের মত কাজ করতে পারে।” (বুখারীঃ মানাফিব) এখানে উদ্দেশ্য, অত্যন্ত সৌন্দর্যময় গালিচা। অর্থাৎ, জান্নাতীরা এমন আসনে হেলান দিয়ে উপবেশন করবে, যার উপর সবুজ রঙের মসনদ, গালিচা এবং কারুকার্য-খচিত উৎকৃষ্টমানের বিছানা বিছানো থাকবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4977>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন